# নোটিশ

## চুক্তি স্বাক্ষরের পূর্বে পারফরম্যান্স গ্যারান্টি (পিজি) প্রদান প্রসঙ্গে

১।  সংশ্লিষ্ট সকল সরবরাহকারীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ডিজিডিপির প্রচলিত বিধি এবং সশস্ত্র বাহিনী বিভাগের নির্দেশনা মোতাবেক চুক্তি স্বাক্ষরের পূর্বে বৈদেশিক সরবরাহকারী কর্তৃক পিজি প্রদান চুক্তির একটি অপরিহার্য শর্ত। তবে বিগত অর্থবছরগুলোতে অধিকাংশ ক্ষেত্রেই চুক্তি স্বাক্ষরের পূর্বে সরবরাহকারীগণ কর্তৃক পিজি প্রদান না করে কেবল অঙ্গীকারনামা দাখিলের মাধ্যমে চুক্তি স্বাক্ষরের প্রবণতা পরিলক্ষিত হয়। উপরন্তু অঙ্গীকারনামায় উল্লিখিত সময়সীমা অতিক্রান্ত হলেও চুক্তির অনুকূলে সরবরাহকারীগণ পিজি প্রদানে কালবিলম্ব করেন। ফলশ্রুতিতে ক্রয়কার্যে নানাবিধ প্রশাসনিক জটিলতার উদ্ভব হয়।

২।  উক্ত প্রেক্ষাপটের আলোকে চলতি অর্থবছরে (২০২৫-২৬) চুক্তি স্বাক্ষরের পূর্বেই সংশ্লিষ্ট বৈদেশিক সরবরাহকারীগণ কর্তৃক পারফরম্যান্স গ্যারান্টি (পিজি) জমাদান নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল। এ বিষয়ে সুস্পষ্টভাবে অবহিত করা যাচ্ছে যে, চুক্তি স্বাক্ষরের পূর্বে পিজি প্রদানে ব্যর্থ হলে কোনোক্রমেই সংশ্লিষ্ট চুক্তি সম্পাদন/স্বাক্ষর করা হবে না।

৩।  ভবিষ্যতে পিজি সংক্রান্ত যে কোনো ধরনের জটিলতা ও অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি পরিহারের লক্ষ্যে চুক্তিপত্র স্বাক্ষরের পূর্বেই পিজি প্রদানের বাধ্যবাধকতার বিষয়টি সংশ্লিষ্ট বৈদেশিক সরবরাহকারীগণকে যথাযথভাবে ও গুরুত্বসহকারে অবহিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।

৪।  এক্ষেত্রে আপনাদের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

উপপরিচালক (রেজিঃ)

মোহাম্মদ সাইফুল ইসলাম
উপ পরিচালক
প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর